**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন (প্রশাসন শাখা)
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
www.br.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪.০০০০.১০১.১৬.০০৩.১৮- ৫৮১

তারিখঃ ২০ শ্রাবণ, ১৪২৬
০৪ আগষ্ট, ২০১৯

**বিষয়ঃ রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ এর ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে তথ্য প্রেরণ প্রসংগে।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৯১.০১৬.০০.০০.০০২.২০১৪-১৩৩, তারিখঃ ২১/০৭/২০১৯ খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে এ কার্যালয়ের তথ্যাদি নির্ধারিত ছক মোতাবেক সন্নিবেশ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

৪/০৮/২০১৯
(মানিক লাল বনিক)
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ ৯৫৫৬৬০৬
ই-মেইলঃ rg@lgd.gov.bd

সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: সহকারী সচিব, মনিটরিং-৩ শাখা)

C:\Users\Shohid\চিঠি.docx

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন (প্রশাসন শাখা)
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
www.br.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্থানীয় সরকার বিভাগের ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনের তথ্যাদি নিম্নরূপ:

# ছকঃ

১। ভূমিকা:

ক) গত ৩০ জুন, ২০১৬ জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের মেয়াদ শেষ হলে জন্ম ও মৃত্যু নিবন্ধনের চলমান কার্যক্রম অব্যাহত রাখা ও টেকসই করার লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন (সংশোধিত) আইন, ২০১৩ এর বিধানমতে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়। সরকারের রাজস্ব বাজেটের আওতায় একটি নতুন অফিস প্রতিষ্ঠার সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগের গত ০১ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের পত্র নং- ৪৬.০১৮.০২৮.০০.০০.০১৯.২০১৬-৫১৬ মূলে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় প্রতিষ্ঠা করা হয় যা গত ০৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের গেজেটে প্রকাশিত হয়।

দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন ক্যান্টনমেন্ট বোর্ড এবং বিদেশে অবস্থিত বাংলাদেশী মিশন সমূহের জন্য আলাদা আলাদা জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা থাকায় তা প্রয়োগের ক্ষেত্রে সমস্যা দেখা দেয়ায় পূর্বের ৫ টি বিধিমালা একীভূত করে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৭ প্রণয়ন করা হয়। পরবর্তীতে জন্ম ও মৃত্যু নিবন্ধনকে আরো সহজীকরণের লক্ষ্যে ২০১৭ সালে প্রণীত বিধিমালায় বেশ কিছু পরিবর্তন এনে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ জারী করা হয়। যা ০৮ মার্চ, ২০১৮ তারিখে সরকারী গেজেটে প্রকাশিত হয়।

২। লক্ষ্য ও উদ্দেশ্য:

জন্ম ও মৃত্যু নিবন্ধনের মাধ্যমে দেশের সকল নাগরিকের আইনগত পরিচিতি নিশ্চিতকরণ এবং অনলাইনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে শক্তিশালীকরণের মাধ্যমে সকল নাগরিকের শুদ্ধ ডাটাবেইজ তৈরিতে সহায়তা করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অংশগ্রহন।

৩। প্রধান কার্যক্রম/সেবাসমূহ:

ক) উন্নত দেশের ন্যায় আধুনিক, সময় সাশ্রয়ী ও ব্যবহার বান্ধব জন্ম ও মৃত্যু নিবন্ধন পদ্ধতি চালুকরণ।
খ) ব্যক্তি ও জাতীয় পর্যায়ে জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব ও আইনগত বাধ্যবাধকতার বিষয়ে ব্যপক জনসচেতনতা বৃদ্ধি।
গ) অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে আরো গতিশীল, ব্যবহার বান্ধব, সেবাধর্মী করণের জন্য বিদ্যমান সফটওয়্যার এর উন্নয়ন।
ঘ) ১৮ টি সরকারী সেবা প্রাপ্তির ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ এবং ৪ টি সেবা প্রাপ্তির ক্ষেত্রে মৃত্যু নিবন্ধন সনদ ব্যবহারের বাধ্যবাধকতা বিষয়টি জোরদারকরণ।
ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের অধীন সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্টাটিস্টিক্স (CRVS) শক্তিশালীকরণের লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন সিস্টেমের সাথে পরিসংখ্যান ব্যুরো, এনআইডি, স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগ-এর সিস্টেমের সাথে সমন্বিতকরণ (Integration) এবং আন্তঃপরিচালনযোগ্য (Interoperable) করণ।
চ) জন্ম ও মৃত্যুর ঘটনার ৪৫ দিনের মধ্যে নিবন্ধনকরণে নাগরিকদের উৎসাহিত করে বাল্য বিয়ে, শিশু শ্রম ইত্যাদি রোধের মাধ্যমে শিশু অধিকার রক্ষায় সহযোগিতাকরণ।
ছ) দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটিকর্পোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের মিশনসমূহে জন্ম ও মৃত্যু নিবন্ধনের আয় ব্যয়ের হিসাব পরিচালনা পদ্ধতি আধুনিকরণ।

৪। প্রশাসনিক কাঠামো ও জনবল:

| ক্রমিক নং | অনুমোদিত জনবল | কর্মরত | ২০১৮-২০১৯ অর্থ বছরে পূরণকৃত পদসংখ্যা | সৃষ্ট পদ সংখ্যা | শূণ্যপদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ১ম শ্রেণী | ০৩ জন | ০০ টি | ০০ টি | ০৪ টি | ৩ জনের স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশ ক্লিয়ারেন্স এর কপি মন্ত্রণালয় মারফত পাওয়া গেছে। |
| ০২ | ২য় শ্রেণী | ০০ জন | ০০ টি | ০০ টি | ০০ টি | - |
| ০৩ | ৩য় শ্রেণী | ০১ জন | ০৩ টি | ০০ টি | ০৬ টি | ২ জন ব্যক্তিগত সহকারী ও ১ জন কম্পিউটার অপারেটর ইস্তফা দেওয়ায় উক্ত ৩ টি পদসহ অন্য ৩ টি পদ মামলার কারণে নিয়োগ দেয়া সম্ভব হচ্ছে না। |
| ০৪ | ৪র্থ শ্রেণী | ০২ জন | ০০ টি | ০০ টি | ০৮ টি | আউটসোর্সিং নীতিমালা ২০১৮ প্রণীত হওয়ায় সেবা ক্রয়ের অনুমতির বিষয়টি অর্থ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। |
| সর্বমোট | | ০৬ জন | ০৩ টি | ০০ টি | ১৬ টি | |

৫। সচেতনতামূলক ও কারিগরি সহায়তামূলক কার্যক্রমঃ

ক) ডিডিএলজি, উপজেলা নির্বাহী অফিসার, ইউনিয়ন পরিষদ সচিব, পৌরসভা সচিব ও সিটিকর্পোরেশন ওয়ার্ড সচিবদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান;

খ) জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে ওয়ার্কসপ/সেমিনার আয়োজন;

গ) ৫,১০৭ টি নিবন্ধক অফিসকে জন্ম ও মৃত্যু নিবন্ধনে কারিগরি সহায়তা প্রদান;

৬। জন্ম ও মৃত্যু নিবন্ধনের সংখ্যাঃ

| বিবরণ | সংখ্যা |
|---|---|
| জন্ম নিবন্ধন (৩০ জুন, ২০১৯ পর্যন্ত) | ১৬৯,৩৪৯,১৬৩ |
| মৃত্যু নিবন্ধন (৩০ জুন, ২০১৯ পর্যন্ত) | ৯৯,৩০১,৫৭৮ |

৭। ২০১৮-২০১৯ অর্থ বছরের সাফল্যঃ

*প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজনঃ ৩০ টি।
*জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ওয়ার্কসপ/সেমিনার আয়োজনঃ ০৬ টি।
*জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধনে নিবন্ধকগণকে কারিগরি সহায়তা প্রদানঃ ১,১০০ টি।
*ইনোভেশন শোকেসিং কার্যক্রম এ অংশগ্রহন।
*“APA” এর লক্ষ্য পূরণ।
*ওয়েব পোর্টাল চালুকরন।